গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১০৭.২০.০০৫.২২-১৭

তারিখ: ১০ মাঘ ১৪২৯ / ২৪ জানুয়ারি ২০২৩

**বিষয়ঃ ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

২৪.০১.২০২৩
মোহাম্মদ আহম্মেদ আলী
উপসচিব
ফোন নং-২২৩৩৮১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৬. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
৯. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১০. উপসচিব (মনিটরিং-২ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. উপ-পরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬. রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরনীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. অফিস কপি।

*E:\Minutes (Nikosh)\Forwarding.doc*

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শ্যামল চন্দ্র কর্মকার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ২২/০১/২০২৩ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এর পর তিনি সভা আহবানের প্রেক্ষাপট তুলে ধরেন এবং এ মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী অগ্রসর হওয়ার অনুরোধ করেন। উপসচিব (বাজেট) অর্থ বিভাগের বাজেট পরিপত্র-১ এর নির্দেশনা মোতাবেক মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রথম ভাগ (অংশ-১ হতে অংশ-৫) এবং দ্বিতীয় ভাগ (অংশ-৬.১ হতে অংশ-৬.৩) বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর কৌশলগত উদ্দেশ্য সমূহের সাথে মিল রেখে বাজেটের বর্ণনামূলক অংশ প্রণয়ণের উপর গুরুত্বারোপ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ নিম্নরূপে নির্ধারিত রয়েছেঃ

## রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০২২-২৩ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৯৪.৯৪ | ১০৪.৪৩ | ১১৪.৮৮ | ১২৬.৩৭ |

## মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট ২০২২-২৩ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৩৮০৮.০৬ | ৪২৫৩.১৮ | ৪৩১১.৩০ | ৪৭৪২.৪৭ |

## মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সাহায্য ২০২৩-২৪ |
|---|---|---|
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১৩৮৬.৪৮ |

২। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ থেকে জারিকৃত বাজেট পরিপত্র-১ এ রাজস্ব প্রাপ্তি ১০% এবং প্রস্তাবিত ব্যয়সীমা ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাক্কলন ১১.৬৭% এবং অনুরূপভাবে ২০২৪-২৫ অর্থবছরে ১.৩৭% ও ২০২৫-২৬ অর্থবছরে ১০% বৃদ্ধি ধরে প্রক্ষেপণ নির্ধারণ করা হয়েছে। যাচাই করে দেখা যায় যে, ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের তুলনায় ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ চাহিদার তুলনায় অপ্রতুল। এ বিষয়ে অর্থ বিভাগের উপসচিব (বাজেট-২০) এর সাথে আলাপ হলে তিনি জানান যে, যা প্রক্ষেপণ দেয়া হয়েছে তার মধ্যেই সীমাবদ্ধ থেকে প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। বাজেট পরিপত্র-১ এ কোন স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সরকারের প্রাপ্য লভ্যাংশ জমা দানের জন্য নির্ধারিত থাকলে সংশ্লিষ্ট সংস্থা থেকে প্রাপ্তির লক্ষ্যমাত্রা ধার্য করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর অনুকূলে সরকারের প্রাপ্য লভ্যাংশের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। অন্যান্য স্বায়ত্তশাসিত সংস্থার বিষয়ে কোন নির্দেশনা না থাকায় এবং নিজস্ব আয় বাজেটের সাথে সমন্বয় করা হয় বিধায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) ও বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল-এর অনুকূলে কোন রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি।

৩। অর্থ বিভাগ হতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় উপস্থিতগণের মতামত/প্রস্তাবনা বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে বন্টন/বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়:

**<u>মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা বিভাজন</u>**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| সচিবালয় | ১১.০০ | ৮.৮০ | ৭.৮০ | ৬.৮০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৬৫.০০ | ৬৫.০০ | ৭০.০০ | ৭৫.০০ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ | ১১.০০ | ১২.০০ |
| মৎস্য অধিদপ্তর | ২৭৯৩.০০ | ৩০৭৬.০০ | ৩৩৮৫.০০ | ৩৭২৫.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৬৬১৪.৮০ | ৭২৮৩.০০ | ৮০১৪.০০ | ৮৮১৮.০০ |
| **সর্বমোট** | **৯৪৯৪.০০** | **১০৪৪৩.০০** | **১১৪৮৮.০০** | **১২৬৩৭.০০** |

৪। বাজেট পরিপত্র-১ এ প্রস্তাবিত ব্যয়সীমা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং সম্ভাব্য প্রকল্প সাহায্যের প্রক্ষেপণ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ সংক্রান্ত আলোচনায় উপসচিব (বাজেট) সভাকে অবহিত করে জানান যে, বাজেট পরিপত্র-১ এ প্রস্তাবিত সিলিং অনুযায়ী প্রকল্প সাহায্য ১৩৮৬৪৮.০০ লক্ষ টাকা বাদ দিলে জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের জন্য অবশিষ্ট ব্যয়সীমা থাকে ২৮৬৬৭০.০০ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট পর্যালোচনায় দেখা যায় খাদ্য দ্রব্য ও পোশাক খাতে অস্বাভাবিক ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে মেরিন ফিশারিজ একাডেমির প্রতিনিধি জানান, মেরিন একাডেমির ন্যায় মেরিন ফিশারিজ একাডেমির ক্যাডেটদের ব্যয় হ্রাসের জন্য ক্যাডেটদের খাদ্য দ্রব্য ও পোশাকের অর্থ ক্যাডেটদের নিকট হতে না নিয়ে সরকারি অর্থে ব্যয়ের জন্য গভর্নিং বডির সভায় সুপারিশ হয়েছে।

পরিকল্পনা অনুবিভাগের উপসচিব জনাব মোহাঃ মোজাম্মেল হক জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ ১৩৮৬৪৮.০০ লক্ষ টাকা নির্ধারিত থাকলেও প্রকল্পের চাহিদা যৌক্তিকভাবে কমে যাওয়ায় ২০৩৯.০০ লক্ষ টাকা কম প্রয়োজন এবং ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সংখ্যা বেশি হওয়ায় জিওবি (উন্নয়ন) অংশে ১৪৯১২.৫৫ লক্ষ টাকার অতিরিক্ত চাহিদা রয়েছে।

চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বরাদ্দকৃত অর্থ কোয়ার্টার অনুযায়ী যথাসময়ে ব্যয় করার পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

সভার সভাপতি সভার উদ্দেশ্যে বলেন যে, অর্থ বিভাগ থেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে পরিচালন, উন্নয়ন এবং বৈদেশিক সহায়তা প্রকল্পের জন্য যে প্রাক্কলন ও প্রক্ষেপন দেয়া হয়েছে আপাততঃ তার অতিরিক্ত ব্যয় বিভাজনের কোন সুযোগ নেই। অত:পর বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে ব্যয়সীমা বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়ঃ

**প্রাপ্ত ব্যয়সীমা (বৈদেশিক সহায়তাসহ) মন্ত্রণালয়সহ বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | | ২০২৪-২৫ | | | ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বাজেট বরাদ্দ | মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | অতিরিক্ত চাহিদা | মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা সমূহের চাহিদা | প্রক্ষেপণ | অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ |
| **সচিবালয়** | | | | | | | | |
| **মোট পরিচালন** | **৫০৪৮৭.৩৫** | **৫৪৭৮৪.৩২** | **৫৪৫০৪.৬২** | **২৭৯.৭০** | **৫৯৩৮৫.৪৪** | **৫৯৩৮৫.৪৪** | **০.০০** | **১৪৩৮০৯.০০** |
| জিওবি (উন্নয়ন) | ৩৫৬.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **৩৫৬.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন থোক) | ৯৪৬.০০ | ১০৩৮.০০ | ১০৩৮.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **৯৪৬.০০** | **১০৩৮.০০** | **১০৩৮.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএ+থোক)** | **১৩০২.০০** | **১০৩৮.০০** | **১০৩৮.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫১৭৮৯.৩৫** | **৫৫৮২২.৩২** | **৫৫৫৪২.৬২** | **২৭৯.৭০** | **৫৯৩৮৫.৪৪** | **৫৯৩৮৫.৪৪** | **০.০০** | **১৪৩৮০৯.০০** |
| **মৎস্য অধিদপ্তর** | | | | | | | | |
| **মোট পরিচালন** | ৩৪৭৯৯.০০ | ৩৭২৮০.৫০ | ৩৭২৩৫.০০ | ৪৫.৫০ | ৩৭৮৪৬.৪০ | ৩৭৮৪৬.৪০ | ০.০০ | ১২৬১৮৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৩৭০৩.০০ | ২৫১৬৫.০০ | ২৫১৬৫.০০ | ০.০০ | ৩০০৬০.০০ | ৩০০৬০.০০ | ০.০০ | ৪৬৮১.০০ |
| পিএ (উন্নয়ন) | ৪৬২৬০.০০ | ৩৩১০৮.০০ | ৩৩১০৮.০০ | ০.০০ | ২৮৭৯৪.০০ | ২৩৮৮১.৪৫ | ৪৯১২.৫৫ | ২৮০০.০০ |
| **মোট উন্নয়ন** | **৬৯৯৬৩.০০** | **৫৮২৭৩.০০** | **৫৮২৭৩.০০** | **০.০০** | **৫৮৮৫৪.০০** | **৫৩৯৪১.৪৫** | **৪৯১২.৫৫** | **৭৪৮১.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১০৪৭৬২.০০** | **৯৫৫৫৩.৫০** | **৯৫৫০৮.০০** | **৪৫.৫০** | **৯৬৭০০.৪০** | **৯১৭৮৭.৮৫** | **৪৯১২.৫৫** | **১৩৩৬৬৬.০০** |
| **প্রাণিসম্পদ অধিদপ্তর** | | | | | | | | |
| **মোট পরিচালন** | ৭৭২৩২.০০ | ৭৯৪২৭.০০ | ৭৯৪২৭.০০ | ০.০০ | ৮৪৫৬৬.২৭ | ৮৪৫৬৬.২৭ | ০.০০ | ১৭৮২১২.৪৮ |
| জিওবি (উন্নয়ন) | ৫৪৯৮০.০০ | ৬২৬০৮.০০ | ৬২৬০৮.০০ | ০.০০ | ৬২৪৪৭.০০ | ৬২৪৪৭.০০ | ০.০০ | ৩০০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ৭০৮০০.০০ | ১০৩৫০১.০০ | ১০৩৫০১.০০ | ০.০০ | ১১৩০১৭.০০ | ১০৩০১৭.০০ | ১০০০০.০০ | ৩০৩৪.০০ |
| **মোট উন্নয়ন** | **১২৫৭৮০.০০** | **১৬৬১০৯.০০** | **১৬৬১০৯.০০** | **০.০০** | **১৭৫৪৬৪.০০** | **১৬৫৪৬৪.০০** | **১০০০০.০০** | **৬০৩৪.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১৯৬৫৮০.০০** | **২৪৫৫৩৬.০০** | **২৪৫৫৩৬.০০** | **০.০০** | **২৮৮৪৮১.০০** | **২৫০০৩০.২৭** | **৩৮৪৫০.৭৩** | **১৮৪২৪৬.৪৮** |
| **মেরিন ফিশারিজ একাডেমী** | | | | | | | | |
| **মোট পরিচালন** | ১১৯৩.৫০ | ১৭৯০.০০ | ১৪৯২.০০ | ২৯৮.০০ | ১৮৫০.০০ | ১৮৫০.০০ | ০.০০ | ১৯৫০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১১৯৩.৫০** | **১৭৯০.০০** | **১৪৯২.০০** | ২৯৮.০০ | **১৮৫০.০০** | **১৮৫০.০০** | ০.০০ | **১৯৫০.০০** |
| **মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর** | | | | | | | | |
| **মোট পরিচালন** | ৫৫২.০০ | ৬৪৬.৮৮ | ৬৪৬.০০ | ০.৮৮ | ৬৬৮.৪৪ | ৬৬৮.৪৪ | ০.০০ | ৬৯০.৪০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | **০.০০** | ০.০০ | ০.০০ | ০.০০ | **০.০০** | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫৫২.০০** | **৬৪৬.৮৮** | **৬৪৬.০০** | ০.৮৮ | **৬৬৮.৪৪** | **৬৬৮.৪৪** | ০.০০ | **৬৯০.৪০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | | ২০২৪-২৫ | | | ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বাজেট বরাদ্দ | মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | অতিরিক্ত চাহিদা | মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা সমূহের চাহিদা | প্রক্ষেপণ | অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ |
| **স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ** | | | | | | | | |
| **বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট** | | | | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ৪০৩১.০০ | ৪৩১৬.০০ | ৪৩১৬.০০ | ০.০০ | ৪৪২৫.০০ | ৪৪২৫.০০ | ০.০০ | ৪৮৪২.১২ |
| জিওবি (উন্নয়ন) | ৫১০০.০০ | ৭৫০০.০০ | ৭৫০০.০০ | ০.০০ | ৭১৫১.০০ | ৭১৫১.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ৫১০০.০০ | ৭৫০০.০০ | ৭৫০০.০০ | ০.০০ | ৭১৫১.০০ | ৭১৫১.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৯১৩১.০০ | ১১৮১৬.০০ | ১১৮১৬.০০ | ০.০০ | ১১৫৭৬.০০ | ১১৫৭৬.০০ | ০.০০ | ৪৮৪২.১২ |
| **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট** | | | | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ৪২৩১.০০ | ৪৪৫০.০০ | ৪৪৪৩.০০ | ৭.০০ | ৪৬৪২.০০ | ৪৬৪২.০০ | ০.০০ | ৪৮৭৩.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৫০০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ৫০০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৪৭৩১.০০ | ৪৪৫০.০০ | ৪৪৪৩.০০ | ৭.০০ | ৪৬৪২.০০ | ৪৬৪২.০০ | ০.০০ | ৪৮৭৩.০০ |
| **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল** | | | | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ১৩৫.০০ | ১৭৮.০০ | ১৭১.৩৮ | ৬.৬২ | ১৫১.০০ | ১৫১.০০ | ০.০০ | ১৭০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ১৩৫.০০ | ১৭৮.০০ | ১৭১.৩৮ | ৬.৬২ | ১৫১.০০ | ১৫১.০০ | ০.০০ | ১৭০.০০ |
| | | | | | | | | |
| **বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন** | | | | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৫৫০০.০০ | ৮১২৪.০০ | ৮১২৪.০০ | ০.০০ | ১১০৩৯.০০ | ১১০৩৯.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ৫৫০০.০০ | ৮১২৪.০০ | ৮১২৪.০০ | ০.০০ | ১১০৩৯.০০ | ১১০৩৯.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৫৫০০.০০ | ৮১২৪.০০ | ৮১২৪.০০ | ০.০০ | ১১০৩৯.০০ | ১১০৩৯.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা)** | ৮৩৯৭.০০ | ৮৯৪৪.০০ | ৮৯৩০.৩৮ | ১৩.৬২ | ৯২১৮.০০ | ৯২১৮.০০ | ০.০০ | ৯৮৮৫.১২ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (উন্নয়ন)** | ১১১০০.০০ | ১৫৬২৪.০০ | ১৫৬২৪.০০ | ০.০০ | ১৮১৯০.০০ | ১৮১৯০.০০ | ০.০০ | ০.০০ |
| **সর্বমোট (পরিচালন)** | ১৭২৬৬০.৮৫ | ১৮২৮৭২.৭০ | ১৮২২৩৫.০০ | ৬৩৭.৭০ | ১৯৩৫৩৪.৫৫ | ১৯৩৫৩৪.৫৫ | ০.০০ | ৪৬০৭৩২.০০ |
| **মোট জিওবি (উন্নয়ন)** | ৯১০৮৫.০০ | ১০৪৪৩৫.০০ | ১০৪৪৩৫.০০ | ০.০০ | ১১০৬৯৭.০০ | ১১০৬৯৭.০০ | ০.০০ | ৭৬৮১.০০ |
| **মোট পিএ (উন্নয়ন)** | ১১৭০৬০.০০ | ১৩৬৬০৯.০০ | ১৩৬৬০৯.০০ | ০.০০ | ১৪১৮১১.০০ | ১২৬৮৯৮.৪৫ | ১৪৯১২.৫৫ | ৫৮৩৪.০০ |
| **সর্বমোট উন্নয়ন (জিওবি+পিএ)** | ২০৮১৪৫.০০ | ২৪১০৪৪.০০ | ২৪১০৪৪.০০ | ০.০০ | ২৫২৫০৮.০০ | ২৩৭৫৯৫.৪৫ | ১৪৯১২.৫৫ | ১৩৫১৫.০০ |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | ৩৮০৮০৫.৮৫ | ৪২৩৯১৬.৭০ | ৪২৩২৭৯.০০ | ৬৩৭.৭০ | ৪৪৬০৪২.৫৫ | ৪৩১১৩০.০০ | ১৪৯১২.৫৫ | ৪৭৪২৪৭.০০ |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৫। **সিদ্ধান্তসমূহঃ**

ক) বাজেট পরিপত্র-১ এ ধার্যকৃত সিলিং এর আলোকে ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রক্ষেপণ সম্বলিত প্রণীত বিভাজন অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং এর আলোকে ২০২৩-২৪ অর্থবছরে এ মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর সংস্থার প্রস্তাবিত অতিরিক্ত চাহিদা পরিচালন অংশে ৬৩৭.৭০ লক্ষ টাকা এবং ২০২৪-২৫ অর্থবছরে জিওবি (উন্নয়ন) অংশের অতিরিক্ত চাহিদা ১৪৯১২.৫৫ লক্ষ টাকা, বিবেচনার জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

গ) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুসারে অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ বিভাজন, অর্থ বিভাগের পরিপত্র-১ এর নির্দেশনা মোতাবেক মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রথম ভাগ (অংশ-১ হতে অংশ-৫) এবং দ্বিতীয় ভাগ (অংশ-৬.১ হতে অংশ-৬.৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর কৌশলগত উদ্দেশ্যসমূহের সাথে মিল রেখে এবং অর্থ বিভাগের টেমপ্লেট অনুযায়ী প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়;

ঘ) এ মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের সম্মতি ও প্রকল্প সাহায্য অংশের বরাদ্দ বিষয়ে পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন;

ঙ) বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার সিদ্ধান্তসমূহ বিএমসি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/7/23

শ্যামল চন্দ্র কর্মকার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।